

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(পত্র বিনিময় শাখা)

সার্কুলার নং- ০১ -

জি,

তারিখঃ- ০১/১২/২০১৫ খ্রিঃ।

বিষয়ঃ- ফৌজদারী মোশন ও রীট মোশন মামলার নোটিশে সুনির্দিষ্টভাবে বেঞ্চের নাম/নম্বর (কোর্ট নং) লিপিবদ্ধ করণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অত্র কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ফৌজদারী মোশন ও রীট মোশন মামলা দায়েরের ক্ষেত্রে ব্যতীক্রমহীনভাবে অ্যাটর্নি জেনারেলকে উক্ত মামলার পিটিশনের কপি সহ নোটিশ প্রদান করা হয়। তবে দেখা যায় যে, অনেক ক্ষেত্রেই উক্ত নোটিশে সংশ্লিষ্ট মামলাটি কোন বেঞ্চে শুনানী করা হবে তা উল্লেখ থাকে না। ফলে উক্ত মামলা শুনানীর জন্য ডেপুটি অ্যাটর্নি জেনারেল ও সহকারী অ্যাটর্নি জেনারেলগণ যথাসময়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে পারেন না।

০২। অত্র কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ফৌজদারী মোশন ও রীট মোশন মামলার ক্ষেত্রে অ্যাটর্নি জেনারেলকে যে নোটিশের কপি প্রদান করা হয় উক্ত নোটিশে সংশ্লিষ্ট মোশন মামলাটি যে বেঞ্চে শুনানীর জন্য মেনশন করা হবে সুনির্দিষ্টভাবে সেই বেঞ্চের নাম/নম্বর (কোর্ট নং) উল্লেখ থাকা প্রয়োজন, যাতে মোশন শুনানীর ক্ষেত্রে উক্ত বেঞ্চের দায়িত্ব প্রাপ্ত ডেপুটি অ্যাটর্নি জেনারেল ও সহকারী অ্যাটর্নি জেনারেলগণ যথাসময়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে পারেন। এ ক্ষেত্রে নোটিশে উল্লেখিত বেঞ্চ ব্যতীত অন্য কোনো বেঞ্চে উক্ত মোশন মামলা শুনানী করা যাবে না।

০৩। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ

(আবু সৈয়দ দিলজার হোসেন)

রেজিস্টার

হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ফোনঃ ৯৫১৪৬৪৬

ই-মেইলঃ diljar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং-

২২২৫৩(৪)

জি,

তারিখঃ- ২/১২/২০১৫ খ্রিঃ।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

০১। অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ।

০২। সভাপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, ঢাকা

০৩। সাধারণ সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, ঢাকা। (সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সকল সদস্যকে অবগত করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৪। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা। (সংরক্ষণের জন্য)

০৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। (সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

০৬। বেঞ্চ অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ..... (সকল)।

০৭। স্ট্যাম্প রিপোর্টার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

০৮। সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ..... (সকল)।

০৯। এফিডেভিট কমিশনার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।


(মোঃ আজিজুল হক)

ডেপুটি রেজিস্টার (প্রশাঃ ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬